দৈনিক বাংলা

তারিখ ২৩/৭/৮৩
পৃষ্ঠা ......... কলাম .........



# গণশিক্ষা বিস্তারে সরকার বদ্ধপরিকর

বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী ডঃ আর এ গনি বলেন, সার্বজনীন শিক্ষা বিস্তারে বিশ্বব্যাংকের সাহায্য বাংলাদেশকে নিরক্ষরতা দূর করতে বিশেষভাবে সহায়তাদান করবে। বর্তমান সরকার দেশে গণশিক্ষা বিস্তার করতে বদ্ধ পরিকর বলে তিনি উল্লেখ করেন।

গত শুক্রবার তিনি গাইবান্ধা মহকুমার সাদুল্যাপুর থানা সদরে বিশ্বব্যাংকের আনুকূল্যে বাংলাদেশে সার্বজনীন প্রাথমিক শিক্ষা বিস্তার প্রকল্পের অধীনে প্রথম শ্রেণীর গরীব ছাত্রীদের শতকরা ৩০ ভাগকে বিনামূল্যে দুই সেট পোশাক বিতরণী অনুষ্ঠান উদ্বোধনকালে মন্ত্রী বলেন, প্রকল্পের আওতায় সমগ্র বাংলাদেশের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রথম শ্রেণীর গরীব ছাত্রীদের মধ্যে বিনা মূল্যে পোশাক বিতরণ করায় শিশুরা বিদ্যালয়ের প্রতি আকৃষ্ট হবে এবং এতে দেশে গণশিক্ষা বিস্তার সহজ হবে।

পূর্বাহ্নে ডঃ গনি সাদুল্যাপুর থানা স্বাস্থ্য কেন্দ্র পরিদর্শনকালে বিভিন্ন ওয়ার্ডের রোগীদের কুশলাদী জিজ্ঞাসা করেন।